**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 20-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM** **Compiling : Sudip B.**
**DEO : KB** **NR : Sudip Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আজ আলোর উৎসব দীপাবলী ও কালীপুজো উপলক্ষ্যে আলোকমালায় সেজে উঠেছে গোটা রাজ্য। # দীপাবলি উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, উৎসবের মরশুমে মানুষকে স্বদেশী পণ্য কেনার জন্য ফের আহ্বান জানিয়েছেন।

৩/ কালী পুজোর উদ্বোধনে গিয়ে দক্ষিণ ২৪ পরগণার রায়দিঘী ও পাথরপ্রতিমায়, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিকে বিক্ষোভ দেখানোর অভিযোগ উঠেছে শাসক দলের কর্মী-সমর্থকদের বিরুদ্ধে।

৪/ ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনীর জন্য চার হাজারেরও বেশি বুথ লেবেল আধিকারিক-BLO নিয়োগে কোনো কোনো মহল থেকে অনিয়মের অভিযোগ ওঠায় জেলা নির্বাচনী আধিকারিকদের কাছ থেকে রিপোর্ট চেয়েছে নির্বাচন কমিশন।

৫/ দেউচা পাচামি প্রকল্পে শুরু হতে চলেছে দ্বিতীয় পর্যায়ের ব্যাসল্ট উত্তোলনের কাজ।

*************************************************************************

আজ চিরাচরিত উৎসাহ উদ্দীপনায় আলোর উৎসব দীপাবলী ও কালীপুজো উপলক্ষ্যে আলোকমালায় সেজে উঠেছে গোটা রাজ্য।

ঠাকুর শ্রীরামকৃষ্ণ-এর স্মৃতি বিজড়িত **দক্ষিণেশ্বর** ভবতারিণী মায়ের মন্দির, কালীঘাট মায়ের মন্দির, আদ্যাপীঠ, তারাপীঠ, হাওড়ার সিদ্ধেশ্বরী মায়ের মন্দির, নৈহাটির বড়মায়ের মন্দির, উত্তর ২৪ পরগনার হালিশহরে সাধক কবি রামপ্রসাদের ভিটেতে আয়োজন করা হয়েছে কালীপুজোর। অনেক গৃহস্থের বাড়িতে এদিন কালীপুজোর রাতে ধন-সম্পদ এর অধিষ্ঠাত্রী দেবী লক্ষীর পুজোরও আয়োজন করা হয়ে থাকে। অন্যান্য বারের মতো এবারও কলকাতা, বারাসত, মধ্যমগ্রাম, নৈহাটি, বারুইপুর সহ রাজ্যের বিভিন্ন স্থানে কালীপুজোতে মন্ডপে মন্ডপে নজর কাড়া থিম বৈচিত্র্য চোখে পড়ছে। কলকাতা, বারাসাত, মধ্যমগ্রাম, নৈহাটি, সহ রাজ্যের একাধিক জায়গায় নামি পুজো গুলোতে ইতিমধ্যেই ভিড় জমাতে শুরু করেছেন দর্শনার্থীরা।

সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ **শব্দবাজি** যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে। কালীপুজো ও দীপাবলিতে আজ রাত ৮ টা থেকে ১০টা পর্যন্ত শুধুমাত্র পরিবেশ-বান্ধব সবুজ বাজি পোড়ানো যাবে বলে জানিয়েছে কলকাতা পুলিশ। কালীপুজো ও দীপাবলিতে কলকাতা শহরজুড়ে বাড়ানো হয়েছে নিরাপত্তা ব্যবস্থা -

একটি প্রতিবেদন- (ভয়েসকাস্ট– অভিরূপ )

কালীপুজো উপলক্ষ্যে যাত্রীদের সুবিধার্থে **পূর্ব রেলের** শিয়ালদা ডিভিশন আজ, আগামীকাল ও বুধবার রাতে শহরতলীর বিভিন্ন শাখায় বিশেষ ট্রেন পরিষেবা দেবে। যেসব শাখায় রাত্রিকালীন এই বিশেষ পরিষেবা দেওয়া হবে সেগুলি হল শিয়ালদা-ডানকুনি, শিয়ালদা-বারাসাত, বনগাঁ-বারাসাত, শিয়ালদা-রানাঘাট এবং শিয়ালদা-বারুইপুর।

দর্শনার্থীদের সুবিধার্থে কলকাতা **মেট্রো রেল** আজ কালীপুজোর দিন রাতে ব্লু-লাইন সেকশনে আপ ও ডাউন অভিমুখে বর্ধিত বিশেষ পরিষেবা দেবে। এই দিন ব্লু-লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের শেষ পরিষেবা রাত ৯ টা ২৮ মিনিটের পরিবর্তে রাত দশটা ৫১ মিনিটে এবং শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বরের শেষ পরিষেবা রাত ৯ টা ৩৩ মিনিটের পরিবর্তে রাত ১১ টায় পাওয়া যাবে। তবে ওই দিন ব্লু-লাইনে মোট ২৭২ টি পরিষেবার পরিবর্তে সব মিলিয়ে ৭২ টি আপ ও ৭২টি ডাউন সহ মোট ১৪৪ টি পরিষেবা দেওয়া হবে।

*************************

রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস রাজ্যবাসীকে দীপাবলির শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি সকলকে পরিবেশ-বান্ধব পদ্ধতিতে দীপাবলি পালনের আহ্বান জানান। অনুমোদিত বিক্রেতাদের কাছ থেকে দীপাবলির সামগ্রী কেনার পাশাপাশি স্বদেশী পণ্য ব্যবহারের অঙ্গীকার করার জন্যেও রাজ্যপাল বোস অনুরোধ জানিয়েছেন।

কালিপুজো ও দীপাবলির শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও। দ্বেষ, গ্লানি মুক্ত সমাজেরও কামনা করেছেন তিনি।

*************************

কালীপুজোর আগের দিন, শহর, শহরতলী এবং কলকাতা সংলগ্ন জেলাগুলি থেকে প্রায় এক হাজার ৮৭২ কেজি বেআইনী আতশবাজি বাজেয়াপ্ত করেছে পুলিশ। শুধুমাত্র কলকাতাতেই আটক করা হয়েছে প্রায় দেড় হাজার কেজি বাজি। নিষিদ্ধ শব্দবাজি রোধে কলকাতা ও রাজ্য পুলিশ ব্যাপক অভিযান চালাচ্ছে। বিস্ফোরক আইনে মোট ৯'টি মামলা রুজু করা হয়েছে। গ্রেপ্তার হয়েছে ১৩ জন।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, উৎসবের মরশুমে মানুষকে স্বদেশী পণ্য কেনার জন্য ফের আহ্বান জানিয়েছেন। 'মাই গভ ইন্ডিয়া' প্লাটফর্মে দীপাবলি উদ্‌যাপন করুন, স্বদেশী পণ্যকে উৎসাহিত করুন' শীর্ষক একটি বিশেষ প্রচারে অভিযানের উল্লেখ করে শ্রী মোদী নাগরিকদের ক্রয় করা স্বদেশী পণ্য সামাজিক মাধ্যমে পোস্ট করতেও বলেছেন। তিনি বলেন, এর ফলে স্থানীয় কারিগররা উৎসাহিত হবেন এবং স্থানীয় অর্থনীতি আরো মজবুত হবে।

*************************

কালীপুজোর উদ্বোধনে গিয়ে দক্ষিণ ২৪ পরগনার একাধিক জায়গায় গতকাল তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের বিক্ষোভের মুখে পড়েছেন বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। দক্ষিণ ২৪ পরগণার রায়দিঘি ঢোকার মুখে তাঁর গাড়ির সামনে বিক্ষোভ দেখিয়েছেন শাসক দলের মহিলা শাখার কর্মীরা। দেওয়া হয় 'গো-ব্যাক' শ্লোগান। পরে পাথরপ্রতিমা যাওয়ার পথেও আরেক দফা বিক্ষোভ দেখানো হয় তাঁকে। বিরোধী

দলনেতার গাড়িতে চড় চাপড়ও মারা হয়। পরে সাংবাদিকদের কাছে শুভেন্দুবাবু বলেন, ধর্মাচার পালনে এলেও তাঁকে বাধা দিয়েছে তৃনমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা। এর পেছনে অনুপ্রবেশকারীরা রয়েছে বলেও তাঁর অভিযোগ।

( বাইট – শুভেন্দু )

উল্লেখ্য, রাজ্যের বিভিন্ন প্রান্তে লাগাতার বিজেপি নেতা কর্মীদের উপরে শাসকদলের হামলার অভিযোগ উঠছে। গতকাল উত্তরবঙ্গে প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত এলাকা পরিদর্শনের পর ফেরার পথে সুখিয়াপোখরির কাছে দার্জিলিং এর বিজেপি সাংসদ রাজু বিস্তার কনভয়ে হামলার অভিযোগ ওঠে শাসকদল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। এই ঘটনায় এখনো কেউ গ্রেফতার না হওয়ায় আজ নিউ জলপাইগুড়ি থানার সামনে বিক্ষোভ দেখায় বিজেপির ওবিসি মোর্চা। রাজু বিস্তার কনভয়ে হামলার তীব্র সমালোচনা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিও।

এর আগে গত ৬ই অক্টোবর জলপাইগুড়ির নাগরাকাটায় ত্রাণ বিলি করতে গিয়ে আক্রান্ত হন বিজেপি সাংসদ খগেন মুর্মু এবং বিধায়ক শঙ্কর ঘোষ।

*************************

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সভায় যোগ দেওয়ায় পশ্চিম বর্ধমানের অন্ডালের শীতলপুর কোলিয়ারি এলাকায় এক বিজেপি কর্মীর বাবাকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কর্মী সমর্থকদের বিরুদ্ধে।

জানা গেছে, গোপাল বার্নওয়াল নামে ঐ ব্যক্তি গতকাল দোকানে বসে থাকার সময় কয়েকজন লাঠি রোড নিয়ে চড়াও হয়। ব্যপক মারধোর করা হয় ঐ ব্যক্তিকে। তাঁর ছেলে রোশন বার্নওয়াল এর অভিযোগ শনিবার পান্ডবেশ্বরে শুভেন্দু অধিকারীর সভায় যোগ দেওয়ার আক্রোশেই এই হামলা। অভিযোগ অস্বীকার করে তৃণমূল কংগ্রেস একে পারিবারিক বিবাদ বলে উল্লেখ করেছে। ঘটনার তদন্ত শুরু করেছে অন্ডাল থানার পুলিশ।

*************************

রাজ্যে বিরোধী দলের নেতা কর্মীদের উপর হামলা শাসকদলের সুপরিকল্পিত পদক্ষেপ বলে কংগ্রেস নেতা অধীর চৌধুরী অভিযোগ করেছেন। আজ এক সাংবাদিক বৈঠকে অধীরবাবু বলেন রাজ্যের অন্যান্য ইস্যু থেকে নজর ঘোরাতেই এরকম হামলা।

বেঙ্গালুরুতে কাজে গিয়ে, মুর্শিদাবাদের ৯ পরিযায়ী শ্রমিকের দেহ দ্রুত ফিরিয়ে আনার দাবি জানিয়েছেন, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। আজ পঞ্চপীরতলা এবং সংলগ্ন এলাকায় অগ্নিকান্ডে মৃত পরিযায়ী শ্রমিকদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন তিনি। রাজ্য সরকারের ব্যর্থতার কারণেই এরাজ্যের যুবকদের পরিযায়ী শ্রমিক হয়ে অন্যত্র যেতে হচ্ছে বলে অধীরবাবু অভিযোগ করেন। পাশাপাশি যেসব রাজ্যে পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিক সংখ্যা বেশি সেখানে একজন করে সংযোগকারী অফিসার নিয়োগেরও দাবি জানিয়েছেন তিনি।

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬-শে অক্টোবর আকাশবাণীতে ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও ‘মন-কি-বাত’ সম্প্রচারিত হবে।

**************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR কাজের জন্যে চার হাজারের বেশি বুথ লেভেল আধিকারিক-BLO নিয়োগে বিভিন্ন মহল থেকে অনিয়মের অভিযোগ ওঠায় নির্বাচন কমিশন জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে আরও একবার রিপোর্ট তলব করেছে। দক্ষিণ চব্বিশ পরগণা, পূর্ব মেদিনীপুর থেকে সবচেয়ে বেশি অভিযোগ আসায় সংশ্লিষ্ট জেলার জেলাশাসকদের কাছে ঘটনার তদন্ত করে আগামী সপ্তাহের মধ্যে বিস্তারিতভাবে এই রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, SIR এর জন্যে রাজ্যের তেইশটি জেলার মধ্যে সাতটি জেলার ম্যাপিং-এর কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। ২০০২ সালের ভোটার তালিকা অনুযায়ী এখনও পর্যন্ত তিন কোটি

৪৮ লক্ষের কিছু বেশি ভোটারের নামের মিল পাওয়া গিয়েছে বলে জানা গিয়েছে। এর মধ্যে কালিম্পং-এ সবচেয়ে বেশি ৬৫ দশমিক ২৭ শতাংশ ভোটারের নামে মিল পাওয়া গিয়েছে বলে সূত্রের খবর।

***************************

দেওচা পাচামি প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের ব্যাসল্ট উত্তোলনের কাজ শুরু হতে চলেছে। এজন্য পশ্চিমবঙ্গ পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড নতুন সংস্থা নির্বাচনের প্রক্রিয়া শুরু করেছে। প্রথম পর্যায়ের মতনই ব্যাসাল্ট উত্তোলনের কাজ রাজস্ব ভাগাভাগি মডেল এ চলবে বলে জানানো হয়েছে। বর্তমানে ১২ একর জমিতে প্রথম পর্যায়ের বেসল্ট খনন চলছে। এখন পর্যন্ত প্রায় ২০ হাজার টন বেসল্ট উত্তোলন হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ৩১৪ দশমিক ৭৮ একর এলাকায় কাজ করবে নির্বাচিত সংস্থা। প্রথম পর্যায়ের চুক্তি শেষ হলে ওই ১২ একর জমিও যুক্ত হবে দ্বিতীয় পর্যায়ের সঙ্গে।

***************************

বাঁকুড়ার জয়পুর থানার কুচিয়াকোল গ্রামে পথ দুর্ঘটনায় দুই যুবকের মৃত্যু হয়েছে। গতকাল দুপুরে দ্রুত গতিতে বাইক নিয়ে যাবার সময় সেটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে গাছে ধাক্কা দিলে ঘটনাস্থলেই শিবু লায়েক নামে এক যুবকের মৃত্যু হয়। তিনি ওন্দা থানার পলাশবনি গ্রামের বাসিন্দা। গুরুতর আহত বেনাচাপড়া গ্রামের বাসিন্দা দেবাশীষ সরদারকে বিষ্ণুপুর সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তাঁর মৃত্যু হয়।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার বাসন্তীর সাত নম্বর করমদিনি এলাকায় গতরাতে দুটি বাইকের মুখোমুখি সংঘর্ষে এক যুবকের মৃত্যু হয়েছে। আহত-দুই। ঘটনাস্থলেই কালো মোল্লা নামে ঐ যুবকের মৃত্যু হয়।

***************************

উত্তর ২৪ পরগণার নৈহাটির রেল মাঠে গত সন্ধ্যায় কালীপুজোর মেলায় বসা একটি দোকানে আগুন লেগে যায়। দুটি দোকান সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। ক্ষতিগ্রস্থ আশেপাশের

আরো কয়েকটি। খাবারের স্টলে ব্যবহৃত গ্যাস সিলিন্ডার থেকেই আগুন ছড়িয়ে পড়ে বলে অনুমান দমকলের। দুটি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

এদিকে, মধ্যমগ্রামের সারদা পল্লীতে গতরাতে একটি কাগজের গোডাউনে আগুন লাগে। দমকলের তিনটি গাড়ি ৬'ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

*************************

রাজ্যের উত্তরের জেলাগুলিতে আগামী দুদিন কোথাও কোথাও বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। রাজ্যের উপকূলবর্তী জেলাগুলিতেও কোথাও কোথাও বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা। কলকাতায় আকাশ মেঘাচ্ছন্ন থাকবে বলে আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

( বাইট- সৌরিশ )

******************************************************************